



আপনার গুরুতর অপারেশনের জন্য অ্যানেস্থেটিক

পরবর্তীতে পরিকল্পিত হাই ডিপেন্ডেন্সি
অথবা ইন্টেনসিভ কেয়ার সহ

যাদের গুরুতর অপারেশন হতে পারে এবং যাদেরকে বলা হয়েছে যে অপারেশনের পরে তাঁদের হাই ডিপেন্ডেন্সি ইউনিট (এইচডিইউ) অথবা ইন্টেনসিভ কেয়ার ইউনিটে (আইসিইউ) অবস্থান করা লাগতে পারে, এই লিফলেটটি তাঁদের জন্য। অ্যানেস্থেটিস্টরা রোগী ও তাঁদের প্রতিনিধিদের সাহায্য নিয়ে এটি লিখেছেন।

ভূমিকা

এই পুস্তিকাটিতে অপারেশনের আগে কী ঘটবে, বিভিন্ন অ্যানেস্থেটিক ও ব্যথা উপশমের বিকল্পসমূহ, এবং হাই ডিপেন্ডেন্সি বা ইন্টেনসিভ কেয়ার ইউনিটে সুস্থ হয়ে ওঠার সময় আপনি কী আশা করতে পারেন, সেসব সম্পর্কে তথ্য রয়েছে।

অ্যানেস্থেসিয়া কী?

অ্যানেস্থেটিক আপনাকে ব্যথা এবং অস্বস্তিকর অনুভূতি অনুভব করতে দেয় না। এটা বিভিন্ন উপায়ে প্রয়োগ করা যায় এবং এর জন্য আপনাকে সবসময় অচেতন করার দরকার হয় না।

প্রয়োগ পদ্ধতির ওপর নির্ভর করে অ্যানেস্থেসিয়া বিভিন্ন ধরনের হয়ে থাকে :

- **লোকাল অ্যানেস্থেটিক** ইনজেকশনের মাধ্যমে প্রয়োগ করা হয়, এটা আপনার দেহের একটি ছোটো অংশকে অসাড়া করে। আপনি সচেতন থাকবেন কিন্তু ব্যথা অনুভব করবেন না।
- **রিজিওনাল অ্যানেস্থেটিক** (স্পাইনাল বা এপিডুরাল) ইনজেকশনের মাধ্যমে প্রয়োগ করা হয় এবং শরীরের একটি বড় অংশ বা অভ্যন্তরীণ অংশ অসাড়া করে। আপনি সচেতন থাকবেন বা কিছু সিডেশন গ্রহন করবেন, কিন্তু ব্যথা থেকে মুক্ত থাকবেন, যদিও আপনি চাপ বা টান অনুভব করতে পারেন।

- **জেনারেল অ্যানেস্থেটিক** নিয়ন্ত্রিত অচেতন অবস্থায় রাখে। কিছু অপারেশন এবং চিকিৎসার জন্য এটা করা জরুরি। আপনি অচেতন থাকবেন এবং কিছু অনুভব করবেন না।
- **সিডেশন** আপনাকে 'ঘুমের মতো' অবস্থায় রাখে এবং প্রায়ই লোকাল বা রিজিওনাল অ্যানেস্থেটিকের সাথে প্রয়োগ করা হয়। সিডেশন হালকা বা গভীর হতে পারে এবং এর পরে আপনার সবকিছু বা অল্প কিছু মনে থাকতে পারে অথবা কোনোকিছুই মনে না থাকতে পারে।

সিডেশন সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে *সিডেশন এর ব্যাখ্যা* লিফলেটটি দেখুন : www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

অ্যানেস্থেটিস্ট

অ্যানেস্থেটিস্টরা হচ্ছেন বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক যাঁরা :

- আপনার অপারেশনের জন্য কোন ধরনের অ্যানেস্থেটিক(গুলো) উপযুক্ত তা নিয়ে আপনার সাথে আলোচনা করবেন। বাছাই করার সুযোগ থাকলে তাঁরা আপনাকে বেছে নিতে সহায়তা করবেন
- আপনার সাথে অ্যানেস্থেসিয়ার ঝুঁকি নিয়ে আলোচনা করবেন
- আপনার সাথে আলোচনা করে অ্যানেস্থেটিক এবং পরবর্তী ব্যথা নিয়ন্ত্রণের পরিকল্পনা স্থির করবেন
- আপনাকে অ্যানেস্থেটিক দেবেন এবং অপারেশন চলাকালীন ও তারপরে রিকভারি রুমে আপনার সুস্থতা ও নিরাপত্তার দায়িত্বে থাকবেন।

এছাড়াও, অ্যানেস্থেসিয়া অ্যাসোসিয়েটদের সাথেও আপনার সাক্ষাৎ হতে পারে, তাঁরা উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার স্বাস্থ্যকর্মী। তাঁদের ভূমিকা এবং অ্যানেস্থেসিয়া দল সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/anaesthesia-team

অপারেশনের আগে

আপনার যদি পরিকল্পিত অপারেশন হয়, তাহলে প্রস্তুতির জন্য অপারেশনের আগে আপনি অনেক কিছু করতে পারেন।

- আপনি ধূমপায়ী হলে অপারেশনের যত আগে সম্ভব ধূমপান বন্ধ করুন, এটা অ্যানেস্থেটিকের সময় এবং অপারেশনের পরে আপনার শ্বাস-প্রশ্বাসের সমস্যা কমাবে।
- আপনার ওজন বেশি থাকলে ওজন কমালে অ্যানেস্থেটিকের অনেকগুলো ঝুঁকি কমবে এবং অপারেশনের পরে আপনাকে দ্রুত সুস্থ হতে সাহায্য করবে। কিছু অপারেশনের আগে আপনাকে নির্দিষ্ট ডায়েট (খাদ্যাভ্যাস) মেনে চলতে বলা হতে পারে।
- আপনার কোনও দাঁত বা ক্রাউন নড়লে, দাঁতের ডাক্তারের কাছে চিকিৎসা করলে অ্যানেস্থেটিক দেওয়ার সময় দাঁতের ক্ষতির ঝুঁকি কমানো যেতে পারে।
- আপনার কোনও দীর্ঘস্থায়ী রোগ থাকলে, যেমন ডায়াবেটিস, হাঁপানি বা ব্রঙ্কাইটিস, থাইরয়েডের সমস্যা, হার্টের সমস্যা বা উচ্চ রক্তচাপ, এগুলোর অবস্থা উন্নতি করতে কিছু করার দরকার আছে কি না জানতে অবশ্যই আপনার জিপি সার্জারির সাথে কথা বলুন।

- অপারেশনের কয়েক সপ্তাহ আগে আপনার শারীরিক কর্মকাণ্ড বাড়ালে তা আপনার হৃদপিণ্ডের কর্মক্ষমতা এবং আপনার ফিটনেস আরও উন্নত করতে পারে। গবেষণায় দেখা গেছে যে এগুলো গুরুতর অপারেশনের পরে আপনার সুস্থতায় অনেক সাহায্য করতে পারে।
- অপারেশনের পর বাড়িতে আরোগ্যলাভের পরিকল্পনা আগে থেকে করে রাখা ভালো এবং আপনার পরিবার ও বন্ধুবান্ধবরা কীভাবে আপনাকে সাহায্য করতে পারেন, তা তাঁদেরকে জানিয়ে রাখুন। আপনার আরোগ্যলাভ আরও সহজ করার জন্য আপনার বাড়িতে কোনও পরিবর্তন করার দরকার আছে কি না ভেবে দেখুন।
- অপারেশনের দিন কীভাবে সময় কাটাবেন ভেবে রাখা জরুরী, কারণ অপারেশনের আগে আপনাকে অপেক্ষা করতে হতে পারে। ম্যাগাজিন পড়ে, পাজল মিলিয়ে বা হেডফোনে গান শোনার মাধ্যমে আপনি চিন্তা মুক্ত থাকতে পারেন।

আমাদের ফিটার বেটার সুনর (Fitter Better Sooner) সংস্থানগুলোর মাধ্যমে আপনি জানতে পারবেন অপারেশনের জন্য কীভাবে আরও শারীরিকভাবে সুস্থ সবল এবং প্রস্তুত হওয়া যায়। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন :

www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক — অপারেশনের পূর্বে আপনার অবস্থা মূল্যায়ন করার ক্লিনিক (প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিক)

আপনাকে সাধারণত আপনার অপারেশনের কয়েক সপ্তাহ আগে একটি প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে আসতে বলা হবে। আপনাকে সহায়তা করার জন্য পরিবারের একজন সদস্য বা বন্ধুকে সাথে নিয়ে আসলে ভালো হয়। অনুগ্রহ করে এই জিনিসগুলো আপনার সাথে নিয়ে আসবেন :

- সাম্প্রতিক প্রেসক্রিপশন বা প্যাকেটসহ আপনার সব ওষুধপত্র
- অন্য হাসপাতালে করানো সকল পরীক্ষা এবং চিকিৎসা সংক্রান্ত তথ্য
- আপনি বা আপনার পরিবারের কারও অ্যানেস্থেটিক ব্যবহারের কারণে কোনও এলার্জি বা সমস্যা হয়ে থাকলে সেগুলোর তথ্য
- সাম্প্রতিক রক্তচাপ পরিমাপের ফলাফল।

একজন নার্স আপনার আপনার স্বাস্থ্য এবং কার্যকলাপের মাত্রা সম্পর্কে বিস্তারিত প্রশ্ন করবেন।

- রক্ত পরীক্ষা, ইসিজি (হার্ট ট্রেসিং) এবং কখনও কখনও অন্যান্য পরীক্ষা করা হবে বা করতে অনুরোধ করা হবে। বিশ্রাম এবং ব্যায়ামের সময় আপনার হৃদপিণ্ড ও ফুসফুস কতটা ভালো কাজ করে দেখার জন্য আপনাকে একটি ব্যায়ামের সাইকেলে (এক্সারসাইজ বাইক) সিপিইটি (কার্ডিওপালমোনারি এক্সারসাইজ টেস্ট) করতে বলা হতে পারে। অপারেশন এবং আরোগ্যলাভের সাথে আপনার শরীর কতটা ভালোভাবে মানিয়ে নেবে তা অনুমানে সহায়তা করতে এটা ব্যবহার করা হতে পারে। এটি আপনার অপারেশনের ঝুঁকি এবং সুস্থ হতে আপনার আইসিইউ বা এইচডিইউ দরকার হবে কি না বুঝতে ডাক্তারদের সহায়তা করে।

- একজন অ্যানেস্থেটিস্ট আপনার সাথে অ্যানেস্থেটিক এবং আপনার জন্য নির্দিষ্ট ঝুঁকি সম্পর্কে কথা বলতে পারেন। যদি আপনাকে এ ব্যাপারে বলা না হয় এবং আপনি একজন অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চাইলে আপনি অবশ্যই এর ব্যবস্থা করার জন্য জানাবেন।
- আপনার অন্যান্য সমস্যা (যেমন ডায়াবেটিস, হাঁপানি, উচ্চ রক্তচাপ, অথবা মৃগীরোগ) থাকলে ক্লিনিকের কর্মী আপনাকে ওই ব্যাপারে জিজ্ঞেস করবেন। সেগুলোর অবস্থা উন্নত করা গেলে আপনাকে অন্য বিশেষজ্ঞ অথবা আপনার জিপির সাথে কথা বলার পরামর্শ দেওয়া হতে পারে। কখনও কখনও আপনার চিকিৎসার পরিবর্তন দরকার হতে পারে। মাঝে মাঝে আপনার স্বাস্থ্যের উন্নতি না হওয়া পর্যন্ত আপনার অপারেশন বিলম্বিত হতে পারে।
- অপারেশনের আগে, চলাকালীন এবং পরবর্তীতে কী ঘটে সে সম্পর্কে নার্স কিছু তথ্য দেবেন। প্রশ্ন করার এবং কোনও উদ্বেগ নিয়ে আলোচনা করার জন্য এটি একটি ভালো সময়।
- আপনার অপারেশনের আগে কখন খাবার ও পানীয় বন্ধ করতে হবে সে সম্পর্কে আপনাকে স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে। এই নির্দেশনা অনুসরণ করা গুরুত্বপূর্ণ। অ্যানেস্থেটিকের সময় আপনার পাকস্থলীতে খাবার বা তরল থাকলে এগুলো গলায় উঠে আসতে পারে এবং ফুসফুসে চলে যেতে পারে।
- এছাড়াও আপনাকে কোন কোন ওষুধ খেতে হবে এবং সেগুলো অপারেশনের দিন চালিয়ে যাওয়া লাগবে কি না সে সম্পর্কে আপনাকে অবশ্যই নির্দেশনা দেওয়া হবে।

ঝুঁকি নিয়ে ভাবনা

আপনার সার্জন এবং অ্যানেস্থেটিস্ট আপনার জন্য অপারেশনের ঝুঁকি ও সুবিধাগুলো কী হতে পারে বলে মনে করেন, সে সম্পর্কে আপনাকে তথ্য দিতে পারেন। তাঁরা আপনাকে অপারেশন না করা এবং বিকল্প চিকিৎসার ঝুঁকি সম্পর্কেও বলতে পারে। কিছু ক্ষেত্রে ডাক্তাররা পরামর্শ দিতে পারেন যে অপারেশনটি খুবই ঝুঁকিপূর্ণ এবং সফল হওয়ার সম্ভাবনা নেই।

একেকজনের ঝুঁকি নেওয়ার ইচ্ছা একেক রকম। আপনার ডাক্তাররা আপনাকে ঝুঁকিগুলো ব্যাখ্যা করবেন, তবে এগিয়ে যাওয়া এবং অপারেশনের ব্যাপারে শুধুমাত্র আপনিই সিদ্ধান্ত নিতে পারবেন। আপনার জন্য যা পরিকল্পনা করা হয়েছে, আপনি সেসব বুঝে সম্মতি না দেওয়া পর্যন্ত কোনও কিছুই করা হবে না। আপনি অপারেশন করতে না চাইলে প্রত্যাখ্যান করার অধিকার আপনার আছে।

অপারেশনের দিন

আপনার খাওয়া, পান করা এবং ওষুধ বা ট্যাবলেট সেবনের বিষয়ে আপনাকে দেওয়া নির্দেশাবলী সাবধানে অনুসরণ করা অপরিহার্য।

আপনার অ্যানেস্থেটিস্টের সাথে সাক্ষাৎ করা

অপারেশনের আগে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে দেখা করবেন। একজন অ্যানেস্থেটিস্ট হলেন একজন ডাক্তার যিনি অ্যানেস্থেসিয়া, ব্যথার চিকিৎসা এবং আইসিইউ-তে রোগীদের যত্ন নেওয়ার ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণ নিয়েছেন। তাঁরা সম্ভবত :

- আপনার স্বাস্থ্য সম্পর্কে আপনাকে আবারও জিজ্ঞাসা করবেন, এবং প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকে রেকর্ড করা তথ্যগুলো সম্পর্কে স্পষ্ট বা নিশ্চিত হবেন
- আপনার বিভিন্ন পরীক্ষার ফলাফল পর্যালোচনা করবেন
- আপনার হৃৎপিণ্ড এবং শ্বাসপ্রশ্বাসের শব্দ যন্ত্র দিয়ে শুনবেন
- আপনার ঘাড়, চোয়াল, মুখ এবং দাঁত দেখবেন।

আপনাকে যে অ্যানেস্থেটিক দেওয়া হবে, অপারেশনের সময় আপনার দেখাশোনা করার জন্য অতিরিক্ত কোনোকিছু করার দরকার হলে এবং ব্যথা উপশমের পদ্ধতিগুলো নিয়ে অ্যানেস্থেটিস্ট আপনার সাথে কথা বলবেন। তাঁরা আপনার প্রশ্নের উত্তর দিতে এবং আপনার যে কোনও উদ্বেগ নিয়ে আলোচনা করতে পারবেন।

আপনার অ্যানেস্থেটিস্টকে যেসব প্রশ্ন করতে পারেন

- আমাকে কে অ্যানেস্থেটিক দেবেন?
- আপনি কোন ধরনের বেদনানাশক সুপারিশ করেন?
- এই ধরনের বেদনানাশকের বিকল্প আছে কি?
- এই ধরনের অ্যানেস্থেটিকের ঝুঁকিগুলো কী?
- আমার কি বিশেষ কোনও ঝুঁকি আছে?
- এরপরে আমি কেমন অনুভব করব?
- আমি কতক্ষণ এইচডিইউ বা আইসিইউ-তে থাকব?
- এইচডিইউ বা আইসিইউ-তে আমার কোন কোন বিশেষ চিকিৎসার প্রয়োজন হবে?

অপারেশনের জন্য প্রস্তুতি

- আপনাকে একটি থিয়েটার গাউন পরতে বলা হবে এবং সম্ভবত কম্প্রেশন স্টকিংসের (মোজা) জন্য পরিমাপ নেওয়া হবে। এগুলো পরলে আপনার পায়ে রক্ত জমাট বাঁধা প্রতিরোধ করতে সহায়তা করে।
- আপনার আরও রক্ত পরীক্ষা করা হতে পারে।
- কর্মীদের একজন সদস্য একটি চেকলিস্ট পূরণ করবেন এবং আপনাকে থিয়েটারে নিয়ে যাবেন। আপনি পায়ে হেঁটে বা হুইলচেয়ারে অথবা ট্রলিতে করে অপারেশন থিয়েটারে যাবেন।
- আপনার যদি চশমা, শ্রবণ যন্ত্র বা আলগা দাঁত থাকে, আপনি অপারেটিং থিয়েটারে যাওয়ার সময় সেগুলো পরতে পারেন। অ্যানেস্থেটিক শুরু হওয়ার আগে আপনাকে সেগুলো অপসারণ করতে হবে যাতে সেগুলো ক্ষতিগ্রস্ত না হয় বা নড়ে না যায়।

অপারেটিং বিভাগ ('থিয়েটার')

আপনি যখন থিয়েটারের জায়গায় পৌঁছাবেন, দলের কর্মীরা আপনার পরিচয়, আপনার যে অপারেশন হবে, এবং আপনার কোনও অ্যালার্জি আছে কি না নিশ্চিত হবেন। আপনার কোনও প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনি অবশ্যই একজন কর্মীকে জানাবেন।

- আপনার দেখাশোনা করতে অ্যানেস্থেটিস্ট ও থিয়েটার নার্স, এবং তাঁদেরকে সাহায্য করার জন্য পেশাদার স্বাস্থ্যকর্মীরা সেখানে থাকবেন। সেখানে প্রশিক্ষণার্থী অ্যানেস্থেটিস্ট এবং মেডিকেল শিক্ষার্থীরাও উপস্থিত থাকতে পারেন।

- আপনার হৃদস্পন্দন, রক্তচাপ এবং অক্সিজেনের মাত্রা ক্রমাগত পর্যবেক্ষণের জন্য বিভিন্ন যন্ত্র লাগানো থাকবে। আপনার বুকে লাগানো স্টিকি প্যাড আপনাকে হার্ট মনিটরের সাথে যুক্ত করবে, এবং আপনার আঙুল বা কানের লতিতে লাগানো একটি ছোটো ক্লিপ আপনার রক্তে অক্সিজেনের মাত্রা পরিমাপ করতে ব্যবহৃত হয়।
- আপনার অ্যানেস্থেটিস্ট প্রথমে একটি সুঁই ব্যবহার করে আপনার হাতে বা বাহুতে একটি ক্যানুলা (সরু প্লাস্টিকের টিউব) প্রবেশ করাবেন। এটি অপারেশনের সময় আপনাকে ওষুধ এবং তরল ('ড্রিপ') দিতে ব্যবহৃত হয়।
- অপারেশনের ধরন এবং আপনার সাধারণ স্বাস্থ্য বিবেচনা করে অ্যানেস্থেটিস্ট আরেকটি ক্যানুলা আপনার কঙ্গির একটি ধমনীতে প্রবেশ করতে পারেন। এটিকে আরও আরামদায়ক করতে প্রথমে ত্বকে লোকাল অ্যানেস্থেটিক ব্যবহার করা হবে। এই ক্যানুলাকে আর্টারিয়াল লাইন বলা হয়। এটি আপনার রক্তচাপ ক্রমাগত পরিমাপ করতে দেয় এবং অপারেশন চলাকালীন আরও রক্ত পরীক্ষার জন্যও ব্যবহার করা যেতে পারে।
- আপনার যদি ব্যথা উপশমের জন্য স্পাইনাল অ্যানেস্থেটিক বা এপিডুরাল নিতে হয়, তাহলে এটি সাধারণত আপনাকে জেনারেল অ্যানেস্থেটিক দেওয়ার আগেই করা হবে।

সকল প্রস্তুতি সম্পন্ন হয়ে গেলে অ্যানেস্থেটিস্ট আপনাকে একটি মাস্কের মাধ্যমে শ্বাস নেওয়ার জন্য অক্সিজেন দেবেন এবং ধীরে ধীরে ইনজেকশনের সাহায্যে আপনার ক্যানুলায় অ্যানেস্থেটিক ওষুধ দেবেন। এই সময় থেকে অপারেশন শেষ না হওয়া পর্যন্ত আপনি অন্য কোনোকিছু সম্পর্কে অবগত থাকবেন না।

কিছু অপারেশনের ক্ষেত্রে আপনার অ্যানেস্থেটিক কার্যকর হওয়ার পরে যা যা করা হতে পারে :

- শ্বাস-প্রশ্বাসের জন্য আপনার মুখের মধ্য দিয়ে শ্বাসনালীতে (উইন্ডপাইপ) একটি নল স্থাপন
- আপনার ঘাড়ে, কলারবোনের নীচে বা কঁচকিতে একটি শিরায় একটি বড় ক্যানুলা স্থাপন। একে সেন্ট্রাল ভেনাস প্রেসার লাইন বলে। এটি তরল দিতে, চাপ পরিমাপ করতে এবং/অথবা অপারেশনের সময় এবং পরে আপনার রক্তচাপ নিয়ন্ত্রণ করার জন্য ওষুধ দিতে ব্যবহৃত হয়
- নাক বা মুখের মাধ্যমে খাদ্যনালীতে (গ্যালেট বা ফুড পাইপ) একটি আলট্রাসাউন্ড প্রোব প্রবেশ করানো। এটা আপনাকে কতটা তরল দিতে হবে তা বুঝতে অ্যানেস্থেটিস্টকে সহায়তা করে এবং আপনার হৃদযন্ত্রের কার্যকারিতা পর্যবেক্ষণ করতে পারে
- আপনার নাক দিয়ে পেটে একটি টিউব প্রবেশ করানো যা অপারেশনের সময় এবং পরে আপনার পেট খালি রাখে
- আপনার মূত্রাশয়ে একটি টিউব (ক্যাথেটার) প্রবেশ করানো যা মূত্রাশয়কে খালি রাখে। এটি অপারেশনের সময় এবং পরে আপনার কিডনি যে পরিমাণ প্রস্রাব তৈরি করেছে তা পরিমাপ করতেও ব্যবহৃত হয়।

ব্লাড ট্রান্সফিউশন (রক্ত পরিসঞ্চালন)

সব গুরুতর অপারেশনের সময় রক্ত পরিসঞ্চালন দরকার হতে পারে। শুধুমাত্র অত্যাवশ্যক হলেই রক্ত দেওয়া হয়। আপনি রক্ত পরিসঞ্চালন করতে না চাইলে অপারেশনের বেশ কয়েকদিন আগেই আপনার ডাক্তারদের সাথে এটি নিয়ে আলোচনা করতে হবে।

আপনি আগে থেকেই আপনি আপনার অ্যানেস্থেটিস্টের কাছ থেকে রক্ত পরিসঞ্চালন এবং এর যে কোনও বিকল্প সম্পর্কে আরও জানতে পারেন। অথবা আপনি এনএইচএস ব্লাড সার্ভিস ওয়েবসাইটটি দেখতে পারেন : www.nhsbt.nhs.uk/what-we-do/blood-services/blood-transfusion

বেদনানাশক

ভালো বেদনানাশক গুরুত্বপূর্ণ। এটি আপনাকে ভালো বোধ করায়, আরও দ্রুত সুস্থ হতে সাহায্য করে, এবং কিছু জটিলতার সম্ভাবনা কমাতে পারে :

- আপনি যদি আপনার অপারেশনের পরে গভীরভাবে শ্বাস নিতে পারেন এবং ঠিকমতো কাশি দিতে পারেন, তাহলে আপনার বুকে সংক্রমণ হওয়ার সম্ভাবনা কম।
- আপনি যদি আপনার পা নাড়াতে পারেন এবং হাঁটতে পারেন, তবে আপনার পায়ে বা অন্য কোথাও রক্ত জমাট বাঁধার (ডিপ ভেইন থ্রম্বোসিস বা ডিভিটি) সম্ভাবনা কম।

মুখে ট্যাবলেট বা তরল বা ক্যানুলা দিয়ে আপনাকে নিয়মিত বেদনানাশক দেওয়া হবে। নিম্নলিখিত এক বা একাধিক ধরণের বেদনানাশক আপনার জন্য উপযুক্ত হতে পারে, যা আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন।

এপিডুরাল

আপনার অ্যানেস্থেটিস্ট আপনার পিঠের হাড়ের মধ্যে একটি সূক্ষ্ম প্লাস্টিকের টিউব ঢোকানোর জন্য একটি সুঁই ব্যবহার করবেন। এটি সাধারণত আপনি ঘুমিয়ে যাওয়ার আগেই করা হয়। অপারেশনের সময় এবং আরও কয়েকদিন পরেও এই টিউবের মাধ্যমে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয়। এপিডুরাল কাজ করার সময় আপনার বুক, পেট এবং পায়ে অসাড় লাগতে পারে এবং আপনার পায়ে স্বাভাবিকের মতো শক্তি না-ও অনুভব করতে পারেন। এপিডুরাল কাজ করার সময় এটি প্রত্যাশিত এবং লোকাল অ্যানেস্থেটিক বন্ধ হয়ে গেলে স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে।

স্পাইনাল (মেরুদণ্ডের) অ্যানেস্থেটিক

কোমর থেকে পায়ের আঙ্গুল পর্যন্ত স্নায়ুগুলোকে অসাড় করার জন্য আপনার পিঠের নীচের অংশের হাড়ের মধ্যে স্থাপন করা একটি সুঁচের মাধ্যমে লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন দেওয়া হয়। এই অসাড়তা সাধারণত দুই থেকে চার ঘণ্টা থাকে। লম্বা সময় ধরে কার্যকর একটি ব্যথানাশক ওষুধও ইনজেকশনের মাধ্যমে দেওয়া হতে পারে, যা ১২ ঘণ্টা বা তারও বেশি সময় ধরে কার্যকর থাকবে।

এপিডুরাল এবং স্পাইনালের পার্শ্বপ্রতিক্রিয়া এবং জটিলতাগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে দেখুন :

www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

রোগীর দ্বারা নিয়ন্ত্রিত বেদনানাশক (পিসিএ)

এটি একধরনের বেদনানাশক যা আপনি নিজেই নিয়ন্ত্রণ করতে পারবেন। একটি পাম্প আপনার ক্যানুলার সাথে সংযুক্ত থাকবে যেখানে এক সিরিঞ্জ মরফিন (বা অনুরূপ) থাকবে। আপনাকে একটি বোতাম সহ একটি হ্যান্ডসেট দেওয়া হবে যা পাম্পটিকে সক্রিয় করে। যখন আপনি বোতাম টিপবেন, তখন একটি ছোটো ডোজ দেওয়া হয়। পাম্পটিতে একটি নিরাপত্তা সেটিংস আছে যাতে আপনি দুর্ঘটনাক্রমে খুব বেশি ওষুধ না পান।

উল্ড ক্যাথেটার

এক বা একাধিক ছোটো প্লাস্টিকের টিউবের মাধ্যমে আপনার ক্ষতের চারপাশের স্থানে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয়। এর উদ্দেশ্য হলো ক্ষতের চারপাশের জায়গা অনুভূতিহীন করা। সার্জন বা অ্যানেস্থেটিস্ট অপারেশনের সময় এই টিউবগুলো স্থাপন করেন। এগুলো একটি পাম্পের সাথে সংযুক্ত থাকে যা ক্রমাগত লোকাল অ্যানেস্থেটিক সরবরাহ করে। আপনার অপারেশনের পরে বেশ কয়েক দিন ধরে উল্ড ক্যাথেটারগুলো লাগানো থাকতে পারে।

কিছু মানুষের জন্য অপারেশনের পরে বেদনানাশকের পরিকল্পিত ধরন পরিবর্তন করার দরকার হতে পারে।

- কিছু মানুষের অন্যদের চেয়ে বেশি বেদনানাশকের প্রয়োজন হয় অথবা ব্যথা উপশমকারী ওষুধের প্রতি তাদের প্রতিক্রিয়া ভিন্নরকম হয়। উদ্বিগ্নতা মানুষের ব্যথার অনুভূতি বাড়িয়ে দিতে পারে।
- আপনার ব্যথা হলে আপনার নির্ধারিত বেদনানাশকের পরিমাণ বাড়ানো হতে পারে, আরও ঘন ঘন দেওয়া হতে পারে, বা বিভিন্নভাবে সংমিশ্রণ করে দেওয়া যেতে পারে।
- মাঝেমধ্যে, ব্যথা একটি সতর্কতা সংকেত যে সবকিছু ঠিক নেই, তাই আপনার যদি ব্যথা হয় তবে অবশ্যই আপনাকে যেসব কর্মী দেখাশোনা করছেন তাঁদেরকে জানাবেন।

অপারেশনের পর

বেশিরভাগ রোগী অপারেশনের পরে রিকভারি স্থানে জেগে উঠবেন। একজন রিকভারি নার্স সব সময় আপনার সাথে থাকবেন। কাউকে কাউকে সরাসরি আইসিইউ-তে নেওয়া হতে পারে।

তাঁরা যা করবেন :

- আপনার রক্তচাপ, অক্সিজেনের মাত্রা এবং নাড়ির স্পন্দন (পালস রেট) পর্যবেক্ষণ করবেন
- একটি মাস্ক বা নাকের ভেতরে রাখা নরম প্লাস্টিকের টিউব দিয়ে আপনাকে অক্সিজেন দেবেন
- আপনার ব্যথার মাত্রা মূল্যায়ন করবেন এবং প্রয়োজনে আপনাকে আরও বেদনানাশক দেবেন
- আপনার বমি বমি অনুভব হলে আপনাকে বমির ওষুধ দেবেন
- আপনার ঠান্ডা লাগলে উষ্ণতার জন্য আপনাকে একটি কম্বল দিয়ে ঢেকে দেবেন
- আপনি জেগে উঠলে আপনার আলগা দাঁত, শ্রবণযন্ত্র এবং চশমা ফিরিয়ে দেবেন।

বেদনানাশক হিসেবে আপনাকে এপিডুরাল দেওয়া হলে এটি কতটা কার্যকর আছে তা রিকভারি নার্স পরীক্ষা করবেন। আপনি অস্বস্তিবোধ করলে আপনার অ্যানেস্থেটিস্ট এপিডুরালের পরিমাণ সমন্বয় করতে পারেন অথবা আপনাকে আরও বেদনানাশক দিতে পারেন।

ইন্টেনসিভ বা হাই ডিপেন্ডেন্সি কেয়ার (আইসিইউ বা এইচডিইউ)

যখন আপনি জেগে উঠবেন এবং আরাম বোধ করবেন, তখন আপনাকে রিকভারি স্থান থেকে আইসিইউ বা এইচডিইউ-তে স্থানান্তরিত করা হবে, যেখানে প্রয়োজন হলে আপনি অতিরিক্ত নিবিড় পর্যবেক্ষণ এবং বিশেষজ্ঞদের চিকিৎসা পাবেন।

মাঝেমধ্যে, অপারেশন শেষ হওয়ার কয়েক ঘন্টা পর বা আপনার অবস্থা স্থিতিশীল না হওয়া পর্যন্ত অ্যানেস্থেটিক চালিয়ে যাওয়া প্রয়োজন। আপনার যদি এধরনের যত্নের প্রয়োজন হয়, আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে অপারেশনের পরে সরাসরি আইসিইউ-তে নিয়ে যাবেন। অ্যানেস্থেটিক চলতে থাকবে এবং আপনার শ্বাসপ্রশ্বাস নিয়ন্ত্রণের জন্য একটি ভেন্টিলেটর (কৃত্রিমভাবে শ্বাস নিতে সহায়তাকারী যন্ত্র) ব্যবহার করা হবে। আপনার অবস্থা ভালো হলে আইসিইউ টিম আপনাকে নিজে নিজে শ্বাস নিতে দেবেন এবং আপনি ধীরে ধীরে জেগে উঠবেন।

এইচডিইউ বা আইসিইউ-তে আপনাকে ডাক্তার, নার্স, ফিজিওথেরাপিস্ট এবং ডায়েটিশিয়ানরা দেখাশোনা করবেন যারা হাই ডিপেন্ডেন্সি এবং ইন্টেনসিভ কেয়ারে বিশেষজ্ঞ। আপনার সুস্থতা ঠিকভাবে হওয়া নিশ্চিত করতে তাঁরা সার্জিক্যাল টিমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন। আপনি সুস্থ হয়ে উঠতে উঠতে আপনাকে আইসিইউ থেকে এইচডিইউ-তে স্থানান্তরিত করা হতে পারে।

একজন নার্স একাই আপনার দেখাশোনা করবেন অথবা একজন নার্স একসাথে দুইজন রোগীর দায়িত্বে থাকবেন। তিনি নিশ্চিত করবেন যে আপনি স্বাচ্ছন্দ্য বোধ করছেন এবং অসুস্থতা নিয়ন্ত্রণ ও রক্ত জমাট বাঁধা প্রতিরোধ করার জন্য নির্ধারিত ওষুধ দেবেন। আপনার সুস্থতায় সহায়তা করার জন্য আপনি বাড়িতে যে ওষুধগুলো গ্রহণ করেছেন তার মধ্যে কিছু বন্ধ বা পরিবর্তন করা হতে পারে। আপনার শিরায় তরল দেওয়ার জন্য প্রাথমিকভাবে সম্ভবত একটি ড্রিপ লাগবে, তবে নার্স আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব পান করতে এবং খেতে উৎসাহিত করবেন কারণ এটি আপনার সুস্থতায় সহায়তা করবে।

আইসিইউ বা এইচডিইউ-তে আপনার হৃদস্পন্দন, রক্তচাপ, শ্বাস-প্রশ্বাস এবং কিডনির কার্যকারিতা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হবে। এছাড়াও আপনার অগ্রগতি পরীক্ষা করতে বা যে কোনও সমস্যা নির্ণয় করতে রক্ত পরীক্ষা, এক্স-রে বা স্ক্যান করা হতে পারে। আপনি সুস্থ হতে হতে আপনার পর্যবেক্ষণের প্রয়োজন কমতে থাকবে, এবং আপনার কিছু ড্রিপ, টিউব এবং মনিটর সরানো হবে।

নার্স এবং ফিজিওথেরাপিস্টরা আপনাকে স্বাভাবিক শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম শেখাবেন। আইসিইউ বা এইচডিইউ-তে থাকাকালীন গভীরভাবে শ্বাস নিতে পারা এবং কার্যকরভাবে কাশতে পারা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি বুকের সংক্রমণ এড়াতে সাহায্য করবে।

ফিজিওথেরাপিস্টরা আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব বিছানা থেকে উঠতে এবং নড়াচড়া করতে সাহায্য করবেন। এটি আপনার শ্বাসপ্রশ্বাসের ব্যায়ামে সাহায্য করবে। আপনার মাংসপেশীর শক্তি বজায় রাখতে, পায়ের রক্ত সঞ্চালন উন্নত করতে এবং আপনার সুস্থতা উন্নত করতে নড়াচড়া এবং হাঁটাচলা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

অতিথিরা আইসিইউ বা এইচডিইউ-তে থাকাকালীন আপনাকে দেখতে আসতে পারবেন। আপনার নার্স আপনাকে পরিদর্শনের জন্য নির্ধারিত সময় এবং অনুমোদিত অতিথির সংখ্যা সম্পর্কে পরামর্শ দিতে পারবেন। আপনাকে হয়তো এমন একটি স্থানে দেখাশোনা করা হবে যেখানে অন্যান্য গুরুতর অসুস্থ রোগীরা থাকবেন। ছোটো শিশুদের জন্য স্থানটি উপযুক্ত না-ও হতে পারে। যদি সেখানে অনেক কর্মকাণ্ড চলে, তাহলে পরিদর্শন সাময়িকভাবে সীমাবদ্ধ করার প্রয়োজন হতে পারে।

ওয়ার্ডে ফিরে যাওয়া

আপনি নিরাপদে সুস্থ হচ্ছেন কি না এটা নিয়ে যখন আপনার পরিচর্যাকারী দল সন্তুষ্ট হবে, তখন আপনাকে সার্জিক্যাল ওয়ার্ডে ফিরিয়ে নেওয়া হবে।

আপনার কোন ধরনের অপারেশন হয়েছে, জটিলতা, এবং অন্য কোনও স্বাস্থ্যগত সমস্যা হতে পারে কি না — এগুলোর ওপর আপনার আইসিইউ বা এইচডিইউ-তে থাকার সময় নির্ভর করবে।

ঝুঁকিগুলো কী?

বিভিন্ন মানুষ শব্দ ও সংখ্যার ভিন্ন ভিন্ন অর্থ করতে পারেন। এই স্কেলটি বুঝতে সাহায্যের জন্য দেওয়া হয়েছে।

অপারেশন

আপনার অপারেশনের ধরণ, সাধারণ ফিটনেস এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যাগুলোর ওপর আপনার অপারেশনের ঝুঁকিগুলো নির্ভর করে। এই ঝুঁকিগুলো নিয়ে চিন্তা আপনার মধ্যে কিছু উদ্বেগের সৃষ্টি করতে পারে, তবে অপারেশন না করার পরিণতির সাথে এগুলোর তুলনা করা জরুরী। আপনার সার্জন এবং অ্যানেস্থেটিস্ট আপনার ব্যক্তিগত পরিস্থিতির ভিত্তিতে এই ঝুঁকিগুলোর তুলনা করতে আপনাকে সাহায্য করতে পারবেন।

অ্যানেস্থেটিক

কিছু জটিলতা বা ঘটনা আছে যেগুলো অ্যানেস্থেটিকের সাথে সম্পর্কিত। এর মধ্যে কিছু খুবই সাধারণ, তবে সাধারণত ছোটো বা স্বল্পস্থায়ী হয়। কিছু গুরুতর জটিলতা দেখা দেয়, তবে এগুলো অস্বাভাবিক বা বিরল।

- সাধারণ ঘটনাগুলোর মধ্যে রয়েছে : অসুস্থ বোধ করা এবং বমি হওয়া, গলা ব্যথা, কাঁপুনি, চুলকানি, ড্রিপ দেওয়ার জায়গায় ব্যথা, বৃককে সংক্রমণ এবং সাময়িক বিভ্রান্তি।
- অস্বাভাবিক জটিলতাগুলোর মধ্যে রয়েছে : অ্যানেস্থেসিয়ার শেষে শ্বাসকষ্ট, দাঁতের ক্ষতি, আগে থেকে বিদ্যমান স্বাস্থ্য সমস্যাগুলো আরও খারাপ হওয়া এবং অ্যানেস্থেসিয়া চলাকালীন জেগে ওঠা।
- বিরল এবং খুব বিরল জটিলতার মধ্যে রয়েছে : চোখের ক্ষতি, ওষুধে গুরুতর অ্যালার্জি, এবং মায়ুর ক্ষতি। অ্যানেস্থেসিয়ার কারণে সরাসরি মৃত্যু অত্যন্ত বিরল, এবং এরকম ঘটনা যুক্তরাজ্যে আনুমানিক ১০০,০০০ অ্যানেস্থেটিকের মধ্যে ১ টি ঘটে।

অতিরিক্ত তথ্য

তালিকাভুক্ত সাধারণ ঝুঁকিগুলোর তুলনায় আপনার নির্দিষ্ট কোনও ঝুঁকি থাকলে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করতে পারবেন।

অ্যানেস্থেসিয়ার কারণে পৃথক ঝুঁকি এবং সাধারণ ঘটনা ও ঝুঁকির সারসংক্ষেপ সম্পর্কে আরও বিস্তারিত জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন :

www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

অতিরিক্ত তথ্যের উৎস

কলেজ ওয়েবসাইটে আপনি আরও তথ্যমূলক লিফলেট পাবেন :

www.rcoa.ac.uk/patient-information/translations/bengali এই লিফলেটগুলো আপনার হাসপাতালের অ্যানেস্থেটিক বিভাগ অথবা প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিক থেকেও পাওয়া যেতে পারে।

রোগী এবং ইনটেনসিভ কেয়ারের পরিচর্যাকারীদের জন্য ইনটেনসিভ কেয়ার সোসাইটির উপকারী সংস্থান রয়েছে : www.members.ics.ac.uk/ICS/patients-and-relatives.aspx

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোত্তমভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিত। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে

(www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :

patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists

Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

www.rcoa.ac.uk

দ্বিতীয় সংস্করণ, ফেব্রুয়ারি ২০২০

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পুনরায় পর্যালোচনা করা হবে।

© 2020 Royal College of Anaesthetists

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যাবে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।